



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৬৩

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী: ১২ মাঘ (২৬ জানুয়ারি):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি আগামীকাল (২৭ জানুয়ারি) তিন দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি বিকাল তিনটায় সড়কপথে রাজশাহীর বাঘা উপজেলায় এসে পৌঁছবেন।

প্রতিমন্ত্রী বিকাল চারটায় চারঘাট উপজেলার বামনদীঘিতে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

শনিবার (২৮ জানুয়ারি) প্রতিমন্ত্রী সকাল এগারোটায় বাঘা উপজেলা প্রশাসন আয়োজিত শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা এ্যাথলেটিকস প্রতিযোগিতা-২০২৩ এর ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

রবিবার (২৯ জানুয়ারি) সকাল নয়টায় পুলিশ একাডেমিতে ৩৮তম বিসিএস (পুলিশ) ক্যাডারের শিক্ষানবিস সহকারী পুলিশ সুপারগণের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে যোগদান করবেন। দুপুর দুইটায় মাদ্রাসা মাঠে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভায় যোগদান করবেন।

এদিন সন্ধ্যা ছয়টায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী সড়কপথে ঢাকার উদ্দেশে রাজশাহী ত্যাগ করবেন।##

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/২০.০০ঘ.